**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**
**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**
**সংখ্যা ৬৮/২০১৮-১৯**
**ঢাকা, বৃহস্পতিবার ৪ অক্টোবর ২০১৮, ১৯ আশ্বিন ১৪২৫**
**আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে**

১। আকাশ-সংস্কৃতির মন্দ দিক বর্জন করতে হবে : নেত্রকোনায় রাষ্ট্রপতি

২। আজ উন্নয়ন মেলা উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

৩। সব দল নির্বাচনে আসবে বলে সংবাদসম্মেলনে প্রধানমন্ত্রীর প্রত্যাশা
ডিজিটাল নিরাপত্তা আইনে উদ্বেগের কিছু নেই : প্রধানমন্ত্রী

৪। উচ্চপদে কোটা বাতিল সংক্রান্ত প্রস্তাব মন্ত্রিসভায় অনুমোদন

৫। নারীর রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষমতায়নে বাংলাদেশ বিশ্বে রোল মডেল : স্পিকার

৬। দারিদ্র্য কমানোর জন্য বিশেষ পরিকল্পনা রয়েছে : অর্থমন্ত্রী

৭। রোহিঙ্গা প্রত্যাবাসনে ওআইসি'র সক্রিয় ভূমিকা চাইলেন স্বাস্থ্যমন্ত্রী

৮। আগামী ৭ থেকে ২৮ অক্টোবর ইলিশ ধরা নিষিদ্ধ : মৎস্যমন্ত্রী

৯। ২০৩০ সাল নাগাদ সবচেয়ে বেশি এগোবে বাংলাদেশের অর্থনীতি : এইচএসবিসি'র প্রতিবেদন

চলমান পাতা-২

১। **আকাশ-সংস্কৃতির মন্দ দিক বর্জন করতে হবে : নেত্রকোনায় রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, বহির্বিশ্বে আমাদের সাংস্কৃতিক ঐতিহ্য তুলে ধরতে দেশব্যাপী ছড়িয়ে থাকা সংস্কৃতির বিভিন্ন উপাদান দেশে-বিদেশে পৌঁছে দিতে হবে। আকাশ-সংস্কৃতির ভালো দিকগুলো গ্রহণ করে মন্দ দিকগুলো বর্জন করতে হবে। রাষ্ট্রপতি বলেন, বৃহত্তর ময়মনসিংহ বাংলাদেশের প্রাচীন জনপদের সমৃদ্ধ অংশ। জাতিসত্তা বিকাশে বৃহত্তর ময়মনসিংহের রয়েছে অনন্য ভূমিকা। স্বাধিকার, মহান মুক্তিযুদ্ধসহ প্রতিটি ক্ষেত্রে এ অঞ্চলের জনগণের সাহসী ভূমিকা ইতিহাসে অমর হয়ে আছে। গতকাল (৩ অক্টোবর বুধবার) নেত্রকোনা শহরের মোক্তারপাড়া মাঠে বৃহত্তর ময়মনসিংহ সাংস্কৃতিক ফোরামের উদ্যোগে আন্তর্জাতিক লোকসংস্কৃতি উৎসব উদ্বোধন করতে গিয়ে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৪), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৬)।

২। **আজ উন্নয়ন মেলা উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

'উন্নয়নের অভিযাত্রায় অদম্য বাংলাদেশ' প্রতিপাদ্যে দেশের সব জেলা ও উপজেলায় অনুষ্ঠিত হতে যাচ্ছে চতুর্থ উন্নয়ন মেলা-২০১৮। আজ (৪ অক্টোবর বৃহস্পতিবার) সকাল ১০টায় গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ মেলার উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মেলা চলবে ৬ অক্টোবর পর্যন্ত। এবারের মেলায় প্রত্যেক মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, পরিদপ্তরের আলাদা স্টল থাকবে। জেলা, উপজেলা ও বিভাগীয় পর্যায়ে স্থানীয় প্রশাসনের কর্মকর্তারাও সরকারের সার্বিক উন্নয়ন চিত্র তুলে ধরবেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬), **ডেইলি সান** (পৃ.১৪,ক.৮)।

৩। **সব দল নির্বাচনে আসবে বলে সংবাদসম্মেলনে প্রধানমন্ত্রীর প্রত্যাশা**
**ডিজিটাল নিরাপত্তা আইনে উদ্বেগের কিছু নেই : প্রধানমন্ত্রী**

কোন দল নির্বাচনে অংশ নেবে, আর কোন দল নির্বাচনে অংশ নেবে না, সেটা ঐ দলের রাজনৈতিক সিদ্ধান্ত বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, নির্বাচন অবশ্যই হবে, কারণ বাংলাদেশের মানুষ নির্বাচন চায়। আমরা আশা করি সব দল এবার নির্বাচনে আসবে, জাতিসংঘের সাধারণ অধিবেশনের অভিজ্ঞতা জানাতে গতকাল (৩ অক্টোবর বুধবার) গণভবনে আয়োজিত সংবাদসম্মেলনে এক প্রশ্নের উত্তরে এসব কথা বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সংবাদসম্মেলনের শুরুতেই নিউইয়র্ক সফরের বিষয়ে লিখিত বক্তব্য তুলে ধরেন প্রধানমন্ত্রী।

এছাড়া ডিজিটাল নিরাপত্তা আইনের কয়েকটি ধারা নিয়ে সাংবাদিকদের বিভিন্ন সংগঠনের উদ্বেগের পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, কোনো সাংবাদিক কারও বিরুদ্ধে অপবাদ কিংবা মিথ্যা তথ্য না দিলে এ আইন নিয়ে তার উদ্বেগের কিছু নেই। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.১)।

৪। **উচ্চপদে কোটা বাতিল সংক্রান্ত প্রস্তাব মন্ত্রিসভায় অনুমোদন**

সরকারি চাকরির প্রথম ও দ্বিতীয় শ্রেণীর নিয়োগে কোটা বাতিলের সুপারিশ অনুমোদন করেছে সরকার। তবে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর চাকরিতে বিদ্যমান কোটা বহাল থাকবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল (৩ অক্টোবর বুধবার) তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে 'প্রজাতন্ত্রের কর্মে সরাসরি নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি সংস্কার/বাতিল' সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রস্তাব অনুমোদন করা হয়।

এছাড়া মন্ত্রিসভা 'স্বর্ণ নীতিমালা-২০১৮' নতুন 'জাতীয় পরিবেশ নীতি-২০১৮' এবং 'কাস্টমস আইন, ২০১৮' এর খসড়া চূড়ান্ত অনুমোদন দিয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**৫।	নারীর রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষমতায়নে বাংলাদেশ বিশ্বে রোল মডেল : স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে ‘ভিজিট বাংলাদেশ’ কর্মসূচির আওতায় বিভিন্ন দেশের ৪৩ সদস্যের একটি সাংবাদিক প্রতিনিধিদল সৌজন্য সাক্ষাৎ করেছেন। গতকাল (৩ অক্টোবর বুধবার) জাতীয় সংসদ ভবনে সাক্ষাৎকালে তারা সংসদীয় গণতন্ত্র, সংসদীয় চর্চা, নারীর ক্ষমতায়ন ও রোহিঙ্গা ইস্যুসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। স্পিকার বলেন, নারীর রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষমতায়নে বাংলাদেশ বিশ্বে রোল মডেল। প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকান্তিক প্রচেষ্টায় নারীর এ অগ্রযাত্রা মাইলফলক হয়ে থাকবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২)।

**৬।	দারিদ্র্য কমানোর জন্য বিশেষ পরিকল্পনা রয়েছে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, আমাদের নীতিমালা ছিল দারিদ্র্য অবস্থা থেকে মানুষকে উঠিয়ে নিয়ে আসা। আমাদের দেশে যে পরিমাণ দরিদ্র জনগোষ্ঠী আছে তা কমানোর জন্য বিশেষ পরিকল্পনা রয়েছে। এ পরিকল্পনা অনুযায়ী প্রতিবছর **১** দশমিক ৬ থেকে **১** দশমিক ৮ শতাংশ হারে দারিদ্র্য কমবে। তবে এ হার **২** শতাংশও হতে পারে। তিনি বলেন, দেশে বর্তমানে প্রতিবছর ২০ লাখ লোকের কর্মসংস্থানের দরকার হয়। গত বছর **১৫** লাখ মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে। বাকি ৫ লাখ লোকের কর্মসংস্থানের ব্যবস্থা করার চিন্তা করছে সরকার। গতকাল (৩ অক্টোবর বুধবার) রাজধানীর নটরডেম বিশ্ববিদ্যালয় বাংলাদেশের আয়োজনে ‘বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন: অর্জন ও সম্ভাবনা’ বিষয়ক সেমিনারে এসব কথা বলেন তিনি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৭), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৮)।

**৭।	রোহিঙ্গা প্রত্যাবাসনে ওআইসি’র সক্রিয় ভূমিকা চাইলেন স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, নির্যাতনের ভয়ে পালিয়ে আসা মিয়ানমারের নাগরিক রোহিঙ্গাদের তাদের নিজ দেশে প্রত্যাবর্তন নিশ্চিত করতে ওআইসিকে সক্রিয় ভূমিকা রাখতে হবে। গতকাল (৩ অক্টোবর বুধবার) সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত আব্বাস ভেইজী দেহনভী স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে এলে তিনি আরো বলেন, সারা বিশ্বে নিগৃহীত নিপীড়িত মুসলিম জনগণের স্বার্থরক্ষার লক্ষ্যেও ওআইসিকে সোচ্চার হতে হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.২,ক.১)।

**৮।	আগামী ৭ থেকে ২৮ অক্টোবর ইলিশ ধরা নিষিদ্ধ : মৎস্যমন্ত্রী**

আগামী ৭ থেকে ২৮ অক্টোবর ইলিশ ধরা নিষিদ্ধ ঘোষণা করেছে সরকার। ‘ইলিশ সংরক্ষণ অভিযান **২০১৮**’ এর আওতায় এ কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। এ সময় উপকূল চিহ্নিত সাত হাজার বর্গকিলোমিটার ইলিশ প্রধান প্রজননক্ষেত্রসহ দেশব্যাপী ইলিশ আহরণ, পরিবহণ, মজুদ, বাজারজাতকরণ এবং ক্রয়-বিক্রয় সম্পূর্ণ নিষিদ্ধ। এ কার্যক্রম সফল করতে দেশের ৩৭ জেলার নদ-নদী, হাট-বাজার এবং মৎস্য আড়তে বিশেষ অভিযান চালানো হবে। গতকাল (৩ অক্টোবর বুধবার) সচিবালয়ে মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী নারায়ণ চন্দ্র চন্দ এক সংবাদসম্মেলনে এ ঘোষণা দেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১৪,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৪)।

**৯।	২০৩০ সাল নাগাদ সবচেয়ে বেশি এগোবে বাংলাদেশের অর্থনীতি : এইচএসবিসি’র প্রতিবেদন**

বাংলাদেশের অর্থনীতির অনেক বড় সম্ভাবনা দেখছে বিশ্বের শীর্ষস্থানীয় ব্যাংকিং ও আর্থিক সেবাদাতা প্রতিষ্ঠান হংকং অ্যান্ড সাংহাই ব্যাংকিং করপোরেশন-এইচএসবিসি। প্রতিষ্ঠানটির এক প্রতিবেদনে বিশ্বে ২০৩০ সাল নাগাদ যেসব দেশের অর্থনীতির আকার দ্রুত বাড়বে বলে পূর্বাভাস দেওয়া হয়েছে সে তালিকায় বাংলাদেশ রয়েছে সবার ওপরে। এ পরিপ্রেক্ষিতে বাংলাদেশকে বিগেস্ট রাইজার্স বা সবচেয়ে দ্রুত বর্ধনশীল অর্থনীতির দেশ হিসেবে অভিহিত করেছে এইচএসবিসি গ্লোবাল রিসার্চ। এইচএসবিসি’র মতে, বিশ্বের উন্নত, উন্নয়নশীল ও উদীয়মান ৭৫টি দেশের মধ্যে বাংলাদেশের জিডিপি সবচেয়ে বেশি হারে বাড়বে। জিডিপি’র আকার বিবেচনায় বর্তমানে বিশ্বে বাংলাদেশের

অর্থনীতি ৪২তম। ২০৩০ সালে ১৬ ধাপ এগিয়ে বাংলাদেশ উঠে আসবে ২৬তম অবস্থানে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৬), **প্রথম আলো** (পৃ.১৪,ক.৭), **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।



**সম্পাদকীয়**

**ক.** **সমকাল, প্রথম আলো, নিউ নেশন :** পলিথিনের মতো পাটের তৈরি পরিবেশবান্ধব সোনালি ব্যাগ বাজারে আসছে উল্লেখ করে এর ফলে গ্রামীণ অর্থনীতি আরো চাঙ্গা হবে, শিল্পখাতের বিকাশ হবে আর সৃষ্টি হবে নতুন কর্মসংস্থান বলে প্রত্যাশা ব্যক্ত।

**খ.** **ইত্তেফাক :** বর্তমানে খাদ্যাভ্যাস ও জীবনধারা পরিবর্তনের ফলে দেশে হৃদরোগীর সংখ্যা আশঙ্কাজনক হারে বৃদ্ধি পেয়েছে উল্লেখ করে সকলকে হৃদরোগের ঝুঁকিগুলো জেনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ রোগের কারণে ঝুঁকিপূর্ণ অকালমৃত্যু এড়ানো সম্ভব বলে মতপ্রকাশ।

**গ.** **যায়যায়দিন :** মালয়েশিয়া যাওয়ার বাধা কাটল ৭০ হাজার বাংলাদেশি কর্মীর এ বিষয়টি ইতিবাচক উল্লেখ করে এখন এটির সুষ্ঠু বাস্তবায়নের পাশাপাশি জনশক্তি রপ্তানির ক্ষেত্রে নতুন নতুন শ্রমবাজার সৃষ্টির প্রচেষ্টা অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ।

**ঘ.** **ভোরের কাগজ :** গাজীপুরের ফ্যান কারখানায় বিস্ফোরণের ঘটনায় ৩ জন শ্রমিক নিহত ও ৩০ জনের আহত হওয়ার ঘটনায় সমবেদনা জানিয়ে বিস্ফোরণের ঘটনায় কাদের গাফিলতি রয়েছে তা শনাক্ত করে অভিযুক্ত ব্যক্তিদের বিচার দাবি।

ঙ. **যুগান্তর :** প্রায় দুইবছর ধরে দেশের বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসায় অন্তত ৩৯ হাজার শিক্ষকের পদ শূন্য থাকায় শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে উল্লেখ করে নিয়োগ প্রক্রিয়া ত্বরান্বিত করার ওপর গুরুত্বারোপ।

**চ.** **ডেইলি সান :** শারীরিক ও মানসিক ক্ষতির কারণ হয় এমন শ্রমে নিয়োজিত দেশের অনেক শিশু উল্লেখ করে শিশুশ্রম নিষিদ্ধ করার দাবি।

**ছ.** **অবজারভার :** বুড়িগঙ্গা নদীরদখল ও দূষণরোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বিদেশি পর্যটক ও পর্যটনকে আকর্ষণীয় করতে রেলের বিকল্প নেই।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'বায়ুদূষণে বাধাগ্রস্ত হচ্ছে শিশুর বিকাশ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, জনস্বাস্থ্য ও মেধার জন্য মারাত্মক হুমকি বায়ুদূষণ নিয়ন্ত্রণে এখনই নীতিমালা প্রণয়ন করার পাশাপাশি জনসচেতনতা কার্যক্রম জোরদার করা উচিত।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা